

ঢাবিতে সাতটি বিভাগে  
ভর্তির ক্ষেত্রে হাইকোর্টের  
রায়ের বিরুদ্ধে আপিল

নিজস্ব প্রতিবেদক •

সাতটি বিভাগে ভর্তির শর্তগুলোকে অবৈধ ঘোষণা করে, হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে আপিল করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। গতকাল সোমবার সুপ্রিম কোর্টের আপিল বিভাগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষের আইনজীবী ড. শাহদীন মালিক আপিল/অনুমতির আবেদন (সিভি টি আপিল) দাখিল করেন।

এই আবেদনে হাইকোর্টের রায় স্থগিত চাওয়া হয়। আপিল বিভাগের চেম্বার জজ বিচারপতি মো. তাফাজ্জল ইসলাম কোনো আদেশ না দিয়ে আবেদনটি পূর্নিক বেঞ্চে তুলার জন্য পরিয়ে দেন। আগামী বুধবার তদানি হতে পারে বলে আইনজীবীরা জানিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে এইচএসসি ও সমমান পরীক্ষায় বাংলা ও ইংরেজিতে ২০০ নম্বর না থাকলে সাতটি বিভাগে ভর্তি ইওয়া যাবে না—এ ধরনের শর্তকে অবৈধ ঘোষণা করে ২০ জানুয়ারি রায় দেন হাইকোর্ট।